দৈনিক ইত্তেফাক

তারিখ 29 JAN 1992
পৃষ্ঠা ১ কলাম ৩

03

## বুদ্ধ চিত্রকলা প্রদর্শনী উদ্বোধন

শিল্পকলা একাডেমী ও ইউনেস্কো জাতীয় কমিশনের যৌথ উদ্যোগে "বুদ্ধ চিত্রকলা" শীর্ষক চিত্র প্রতিলিপি প্রদর্শনী গতকাল (মঙ্গলবার) একাডেমীতে শুরু হইয়াছে।

( ২য় পৃঃ ৬-এর কঃ দ্রঃ )

## বুদ্ধ চিত্রকলা

( শেষ পৃঃ পর )

শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমিরউদ্দিন সরকার এ প্রদর্শনীর উদ্বোধন করেন। একাডেমীর মহাপরিচালক কামাল লোহানীর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী অধ্যাপিকা জাহানারা বেগম ও বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের সচিব আবদুস সেলিম বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, বৌদ্ধ কৃষ্টি, সংস্কৃতি এবং প্রত্নতাত্ত্বিক নিদর্শন আমাদের শিল্প ও সংস্কৃতিকে সমৃদ্ধ করিয়াছে। বৌদ্ধ ধর্মের সাম্য ও শান্তিরবাণী বিশ্বে শান্তি প্রতিষ্ঠায় সহায়ক হইতে পারে। তিনি দেশের শিল্প ও সংস্কৃতির বিকাশ সাধনের লক্ষ্যে বৌদ্ধ যুগের প্রত্নতাত্ত্বিক নিদর্শনসমূহ সংরক্ষণের ওপর গুরুত্ব আরোপ করেন। সংস্কৃতি প্রতিমন্ত্রী বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকার দেশীয় সংস্কৃতি ও শিল্পের বিকাশ সাধনের জন্য সম্ভাব্য সকল পদক্ষেপ গ্রহণ করিবে। প্রদর্শনীতে ৮০টি বোর্ডে মোট ২৪০টি চিত্র স্থান পাইয়াছে। প্রদর্শনী ১০ই ফেব্রুয়ারী পর্যন্ত দর্শকদের জন্য খোলা থাকিবে।—তথ্য বিবরণী।